

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৬৪

১/ বিবিধ

আরবী

أعدى عدوك نفسك التي بين جنبيك موضوع

رواه البيهقي في " الزهد الكبير " (29/2) عن محمد بن عبد الرحمن بن غزوان حدثنا إسماعيل بن عياش عن حنش السرجي عن عكرمة عن ابن عباس موقوفا قلت: وهذا إسناد موضوع، ابن غزوان كذاب معروف، قال الذهبي "حدث بوقاحة عن مالك وشريك وضمام بن إسماعيل ببلايا. قال الدارقطني وغيره : كان يضع الحديث. وقال ابن عدي: له عن ثقات الناس بواطيل " وبه أعله العراقي في " تخريج الإحياء " فقال (3/4) : أحد الوضاعين " وإسماعيل بن عياش ضعيف في غير الشاميين وهذا منه وحنش واسمه الحسين متروك

বাংলা

১১৬৪। তোমার সর্বাপেক্ষা বড় শত্রু হচ্ছে তোমার আত্মা যার অবস্থান তোমার দু'পাজরের মাঝে।

शमीत्रि वातायाउँ।

হাদীসটি বাইহাকী "আয-যুহুদুল কাবীর" গ্রন্থে (২/২৯) মুহাম্মাদ ইবনু আবদির রহমান ইবনে গাযওয়ান হতে, তিনি ইসমাঈল ইবনু আয়্যাশ হতে, তিনি হানশ সারজী হতে, তিনি ইকরিমাহ হতে, তিনি ইবনু আব্বাস (রাঃ)



হতে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সন্দটি বানোয়াট। ইবনু গাযওয়ান পরিচিত মিথ্যুক। হাফিয যাহাবী বলেনঃ তিনি নির্লজ্জভাবে ইমাম মালেক, শুরাইক ও যিমাম ইবনু ইসমাঈল হতে বহু বিপদজনক হাদীস বর্ণনা করেছেন। দারাকুতনী প্রমুখ বলেনঃ তিনি হাদীস জাল করতেন। ইবনু আদী বলেনঃ নির্ভরযোগ্য বর্ণনাকারীদের উদ্ধৃতিতে তার বহু বাতিল হাদীস রয়েছে।

হাফিয ইরাকী "তাখরীজুল ইয়াহইয়া" গ্রন্থে (৩/৪) এর দ্বারাই হাদীসটির সমস্যা বর্ণনা করে বলেছেনঃ তিনি জালকারীদের একজন।

এছাড়া ইসমাঈল ইবনু আয়্যাশের বর্ণনা শামীদের ছাড়া অন্যদের থেকে দুর্বল। আর এটি তারই অন্তর্ভুক্ত। আর বর্ণনাকারী হানশের নাম হচ্ছে হুসাইন, তিনি মাতরুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন